

া মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৪৭১১

পর্ব-২৫: শিষ্টাচার (كتاب الآداب)

পরিচ্ছেদঃ ৫. প্রথম অনুচ্ছেদ - বসা, ঘুমানো ও চলাফেরা করা

بَابُ الْجُلُوْسِ وَالنَّوْم وَالْمَشْي

আরবী

وَعَنْ أَبِي هُرَيْرَةَ رَضِيَ اللَّهُ عَنْهُ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «بَيْنَمَا رَجُلُّ يَتَبَخْتَرُ فِي هُرَدَيْنِ وَقد أعجبتْه نَفسه خسف بِهِ لأرض فَهُوَ بتجلجل فِيهَا إِلَى يَوْم الْقِيَامَة» . مُتَّفق عَلَيْهِ. لفصل التَّانِي

বাংলা

8৭১১-[৫] আবূ হুরায়রা (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রস্লুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ একদিন জনৈক ব্যক্তি নকশা করা দু'টি চাদর গায়ে দিয়ে প্রবল অহমিকার সাথে চলছিল এবং এ অবস্থায় তার মধ্যে অহংকার সৃষ্টি করছিল। ফলে এ ব্যক্তিকে জমিনে ধসিয়ে দেয়া হলো, আর এ অবস্থায় সে কিয়ামত পর্যন্ত মাটির গভীরে বিলীন হতে থাকবে। (বুখারী ও মুসলিম)[1]

ফুটনোট

[1] সহীহ: বুখারী ৫৭৮৯, মুসলিম ৪৯-(২০৮৮), সুনানুদ্ দারিমী ৪৩৭, শু'আবুল ঈমান ৬১২৩, আহমাদ ৮১৭৭, আল মু'জামুল আওসাত্ব ৭৭২০, হিলইয়াতুল আওলিয়া ৮/৩৮৯ পৃঃ, সহীহ ইবনু হিব্বান ৫৬৮৪, মুসনাদে আবূ ইয়া'লা ৬৩৩৪, সিলসিলাতুস্ সহীহাহ ১৫০৭, সহীহ আতৃ তারগীব ওয়াতৃ তারহীব ২৯১৪, সহীহুল জামি' ৫১৮৬।

ব্যাখ্যা

व्याच्याः त्रमूल्ब्लार माह्नाह्नाल् वालारेटि ওয়াসাল্লাম-এর বাণী (بَيْنَمَا رَجُلْ) শব্দের অর্থ জনৈক ব্যক্তি। এ জনৈক ব্যক্তি দ্বারা কাকে ইঙ্গিত করা হয়েছে, তা নিয়ে 'আলিমদের মাঝে মতানৈক্য রয়েছে। ইমাম নাবাবী (রহিমাল্লাহ) বলেছেনঃ উল্লেখিত ব্যক্তি দ্বারা উম্মাতে মুহাম্মাদীর কোন এক ব্যক্তি উদ্দেশ্য হওয়া অসম্ভব নয়। কেউ কেউ বলেন, এ ব্যক্তি ছিল মূসা (আ.)-এর সময়কালের কার্নন। সে প্রবল অহংকার করে চলত। আল্লাহ তা'আলা তার অহংকার চূর্ণ করেছিলেন, কার্নন-এর ধ্বংস হওয়া সম্পর্কে আল্লাহ তা'আলা বলেন, ''অতঃপর আমি কার্ননকে ও



তার প্রাসাদকে ভূগর্ভে বিলীন করে দিলাম।" (সূরাহ্ আল কাসাস ২৮ : ৮১)

হাদীসের শিক্ষা : এ হাদীস ও কুরআনের আয়াত হতে প্রমাণিত হয় যে, অহংকার অহমিকা ও আত্মগৌরব ইত্যাদির পরিণাম ধ্বংস। সুতরাং সকলকে এটা হতে বাঁচতে হবে। (মিরক্বাতুল মাফাতীহ)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন